# :: বড়ই পাতা দিয়ে রুকইয়াহ'র গোসলের পানি তৈরির নিয়ম ::

আল্লাহর রহমতে জ্বীনের আছর, বদ-নজর, জাদু-টোনার চিকিৎসায় এই গোসলের পদ্ধতিটি খুবই কার্যকরী। বিভিন্ন সময়ের অনেক বিখ্যাত আলেমদের প্রদানকৃত পরামর্শ পদ্ধতি এটি। আল্লাহ চাইলে আপনিও এর মাধ্যমে উপকৃত হবেন ইন'শা'আল্লাহ।

## * গোসলের জন্য প্রয়োজনীয়/লক্ষণীয় বিষয় সমূহ ::

(১) গোসলের জন্য এক বালতি পানি।
(২) খাওয়ার জন্য এক গ্লাস পানি।
(৩) বড়ই পাতার পেস্ট।
(৪) শুদ্ধভাবে কোরআন পড়তে পারেন এমন ব্যক্তি।

## * প্রাথমিক করনীয় ::

**(১) বড়ই পাতা সংগ্রহ -** বড়ই পাতার গোসলের জন্য প্রতিদিন আপনার সাতটি করে বড়ই পাতা প্রয়োজন। সবচেয়ে ভালো হয় যদি প্রতিদিনেরটা প্রতিদিন ফ্রেশ কালেক্ট করা যায়। সেটা সম্ভব না হলে আপনি চাইলে একবারেও কালেক্ট করতে পারেন। রাক্বী সাহেব আপনাকে যে কয়দিনের গোসল সাজেস্ট করেছেন, ওই কয়দিনেরটা একবারেই চাইলে কালেক্ট করতে পারেন।

উদাহরণস্বরূপ যদি সাত দিনের জন্য গোসল দিয়ে থাকে, আপনি ৭×৭ = ৪৯ টা পাতা একবারে সংগ্রহ করে নিয়ে আসবেন। এরপর পাতাগুলো পাটায় বেটে অথবা ব্লেন্ডারে ব্লেন্ড করে পেস্ট করে ছোট ছোট সাতটা ভাগ করে ডিপ ফ্রিজে রেখে দিবেন। এরপর প্রতিদিন গোসলের সময় একটা একটা করে পেস্ট নিয়ে বালতিতে মিশিয়ে গোসল করতে পারেন।

**(২) গোসল এবং খাওয়ার জন্য পানি সংগ্রহ -** গোসলের জন্য এক বালতি পরিমাণ পানি সংগ্রহ করুন এবং খাওয়ার জন্য এক গ্লাস বিশুদ্ধ পানি নিন। আপনার টয়লেট এবং গোসলখানা যদি একসাথে থাকে তাহলে গোসলের পানিটি বাইরে নিয়ে আসুন।

এরপর বড়ই পাতার একটি পেস্ট নিয়ে এর ৯৫ থেকে ৯৮ পার্সেন্ট মিশ্রন আপনি গোসলের পানিতে মিশিয়ে দিন। এবং খুবই অল্প বাকি এক বা দুই পার্সেন্ট খাওয়ার পানিতে মিশিয়ে নিন। গোসলের সময় আপনার যদি গরম পানির প্রয়োজন হয়, তাহলে গরম পানি আগেই মিশিয়ে নিন। বড়ই পাতার মিশ্রণ পানিতে গুলিয়ে নেওয়ার পর গরম পানি মেশাবেন না।

**(৩) তিলাওয়াত করা -** পানিতে বড়ই পাতা মেশানোর পর নিচের আয়াতগুলো তিলাওয়াত করে মাঝে মাঝে গোসল এবং খাওয়ার পানিতে ফু দিয়ে নিবেন। মহিলাদের যে দিনগুলোতে নামাজ থাকবে না, তখন বাড়ির অন্য কাউকে দিয়ে গোসলের তৈরি করে নিবেন। এবং গোসলটি অবশ্যই একটানা করবেন মাঝখানে গ্যাপ দিবেন না।

| ক্রমিক | শিরোনাম | আয়াত নাম্বার | সংখ্যা |
|---|---|---|---|
| ১ | দুরুদে ইব্রাহিম | সম্পূর্ণ | ১ বার |
| ২ | সূরা ফাতিহা | সম্পূর্ণ | ৩ বার |
| ৩ | সূরা বাকারা (আয়াতুল কুরসি) | ২৫৫ নং | ৩ বার |
| ৪ | সূরা বাকারার শেষ ২ আয়াত | ২৮৫ এবং ২৮৬ | ১ বার |
| ৫ | সূরা আল-ইমরান | ১৮ নং এবং ২৬ নং | ১ বার |
| ৬ | সূরা আ'রাফ | ১১৭ থেকে ১২২ | ৩ বার বা ৭ বার |
| ৭ | সূরা ইউনুস | ৮১ এবং ৮২ | ৩ বার বা ৭ বার |
| ৮ | সূরা ত্বহা | ৬৯ নং | ৩ বার বা ৭ বার |
| ৯ | সূরা আল মু'মিনূন | ১১৫ থেকে ১১৮ | ১ বার |
| ১০ | সূরা কাফিরূন | সম্পূর্ণ | ৩ বার |
| ১১ | সূরা ইখলাস | সম্পূর্ণ | ৩ বার |
| ১২ | সূরা ফালাক্ব | সম্পূর্ণ | ৩ বার |
| ১৩ | সূরা নাস | সম্পূর্ণ | ৩ বার |
| ১৪ | দুরুদে ইব্রাহিম | সম্পূর্ণ | ১ বার |

**(৪) পানি তৈরি হয়ে গেলে –** আয়াতগুলো তিলাওয়াত শেষ করে পানিতে ফু দিয়ে নিলে, আপনার পানিটি তৈরি হয়ে গিয়েছে। এবার গ্লাসের পানিটুকু বিসমিল্লাহ বলে শিফার নিয়তে তিন ঢোকে খেয়ে নিবেন। এবং গোসলের পানিটুকু দিয়ে গোসল করে নিবেন।

লক্ষ্য রাখবেন শরীরের সমস্ত স্থানে যেন এই পানি পৌঁছায়। এবং এই পানি দিয়ে গোসলের সময় সাবান শ্যাম্পু ইত্যাদি কোন কিছু ব্যবহার করবেন না। যদি প্রয়োজন হয়, তাহলে বরই পাতার পানি দিয়ে গোসল করার পর আপনি চাইলে সাধারণ পানি দিয়ে, সাবান শ্যাম্পু ইউজ করে গোসল করতে পারেন, কোনো সমস্যা নেই ইন'শা'আল্লাহ।

## * কিছু লক্ষণীয় বিষয় ::

(১) বড়ই পাতার পানি তৈরির পূর্বে ওযু করে নিবেন।

(২) পানিতে ফু দিয়ে বেশিক্ষণ রেখে দিবেন না, সাথে সাথেই গোসল করে নিবেন।

(৩) গোসলের পানিতে ফু দিয়ে তৈরি করার পর অন্য কোন পানি এর সাথে মিশাবেন না অথবা পানিটি গরম করবেন না।

(১) বড়ই পাতার পানি দিয়ে গোসলের জন্য প্রতিদিনের পানি প্রতিদিন তৈরি করতে হবে। এবং গোসলটি নিয়মিত করতে হবে মাঝখানে গ্যাপ দিলে হবে না। ইনশাআল্লাহ আল্লাহ চাইলে শিফা পাওয়া যাবে।

## রুকইয়াহ পরবর্তী ডায়েট এবং লাইফস্টাইলের জন্য অথবা আপানার যেকোনো ধরনের প্রশ্ন/পরামর্শ /মতামত জানাতে যোগাযোগ করুন ::

**Dr. Mohammad Saiful Alam Talukder**
MRSPH (UK), MPH (Course), BDS,
PGT (Oral & Maxillofacial Surgery), PGT (Orthodontics), Consultant
Cosmetic Dentist, Implant Dental Surgeon and Aligner expert, Tooth Planet.
Consultant and Trainer, Hijama Therapy, Diet & Lifestyle Expert
https://wa.me/8801612079727

## :: Rules for preparing Ruqyah bath water with jujube leaves ::

By the grace of Allah, this method of bathing is very effective in the treatment of Jinn's curse, evil eye, witchcraft. This is the method of advice given by many famous scholars of different times. If Allah wills, you will also get benefit from it, Insha'Allah.

### * Necessary/Remarkable points for bathing ::

(1) One bucket of water for bathing.
(2) A glass of water to drink.
(3) jujube leaf paste.
(4) A person who can recite the Qur'an correctly.

### * Initial task ::

**(1) Collection of jujube leaves -** You need seven jujube leaves each day for jujube leaf bath. It is best if daily can be collected fresh every day. If that is not possible, you can collect once if you want. You can collect the number of days of bathing recommended by **Raqi** once if you want.

For example if bath is given for seven days, you will collect 7×7 = 49 leaves at once. After that, paste the leaves or blend them in a blender and divide them into seven small pieces and keep them in the deep freezer. Then you can take the paste one by one and mix it in a bucket during the bath every day.

**(2) Collection of water for bathing and drinking -** Collect a bucket of water for bathing and take a glass of pure water for drinking. If your toilet and shower are together, take the bucket of water outside.

Then take a paste of jujube leaves and mix 95 to 98 percent of it in bath water. And mix a very small remaining one or two percent with drinking water. If you need hot water during the shower, mix the hot water beforehand. Do not add hot water after mixing the jujube leaves mixture in water.

**(3) to recite -** After mixing the leaves in water, recite the following verses and take bath and drinking water occasionally. On the period days, women can't prepare the bathing water by herself, at that time someone else in the house should prepare the bath. And the bath must be done continuously, do not leave a gap in between.

| Serial | Title | Verse No. | Times |
|---|---|---|---|
| 1 | Durud e Ibrahim | Full | 1 Time |
| 2 | Surah Al Fatiha | Full | 3 Times |
| 3 | Ayat ul Qursi (Surah Baqarah) | 255 No. | 3 Times |
| 4 | Last 2 Verses of Surah Baqarah | 285 & 286 No. | 1 Time |
| 5 | Surah Al Imran | 18 & 26 No. | 1 Time |
| 6 | Surah Al A'raf | 117 to 122 No. | 3 or 7 Times |
| 7 | Surah Yunus | 81 & 82 No. | 3 or 7 Times |
| 8 | Surah Twaha | 69 No. | 3 or 7 Times |
| 9 | Sura Mu'minun | 115 to 118 No. | 1 Time |
| 10 | Surah Al Kafirun | Full | 3 Times |
| 11 | Surah Al Ikhlas | Full | 3 Times |
| 12 | Surah Al Falaq | Full | 3 Times |
| 13 | Surah An Naas | Full | 3 Times |
| 14 | Durud e Ibrahim | Full | 1 Time |

**(4) When the water is ready –** After reciting the verses and blowing on water, your water is ready. Now take three sips of the glass of water saying Bismillah. And take a bath with the bath water.

Make sure that this water reaches all parts of the body. And don't use soap shampoo etc. while bathing with this water. If necessary, after bathing with jujube leaves water, you can bathe with plain water if you want, you can use soap, shampoo there is no problem In'sha'Allah.

## * Some points to note ::

1) Do ablution before preparing the water from the leaves.

(2) Do not leave the preparing water for a long time, take bath immediately.

(3) Do not mix with any other water or heat the water after making bath water.

(1) Water should be prepared daily for bathing with the water of jujube leaves. And the bath should be done regularly without any gaps in between. In'sha'allah, if Allah wills, curing will be found.

## For Post Ruqyah diet and lifestyle or any queries/suggestions/opinions please contact ::

**Dr. Mohammad Saiful Alam Talukder**
MRSPH (UK), MPH (Course), BDS,
PGT (Oral & Maxillofacial Surgery), PGT (Orthodontics), Consultant
Cosmetic Dentist, Implant Dental Surgeon and Aligner expert, Tooth Planet.
Consultant and Trainer, Hijama Therapy, Diet & Lifestyle Expert
https://wa.me/8801612079727